

■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮:৩৮

💵 আরবি মূল আয়াত:

وَّ أَخَرِينَ مُقَرَّنِينَ فِي الأَصفَادِ ﴿٣٨﴾

আর **শেকলে আবদ্ধ আরও অনেককে।** — আল-বায়ান

আর অন্যদেরকেও যারা ছিল শৃঙ্খলে আবদ্ধ। — তাইসিরুল

এবং শৃংখলে আবদ্ধ করলাম আরও অনেককে। — মুজিবুর রহমান

And others bound together in shackles. — Sahih International

৩৮. এবং শৃংখলে আবদ্ধ আরও অনেককে।(১)

(১) শয়তান বলতে জিন বুঝানো হয়েছে। [আত-তাহরীর ওয়াত তানওয়ীর] আর শৃংখলিত জিন বলতেএমন সবজিন বুঝানো হয়েছে যাদেরকে বিভিন্ন দুষ্কর্মের কারণে বন্দী করা হতো। [ইবন কাসীর] অথবা তারা এমনভাবে তার বশ্যতা স্বীকার করেছিল যে, তিনি তাদেরকে বন্দী করে রাখতে সমর্থ হতেন। [বাগভী]

তাফসীরে জাকারিয়া

(৩৮) এবং আরও অন্যান্যকে; যারা শিকলে বাঁধা থাকত। [1]

[1] জ্বিনদের মধ্যে অবাধ্য বা কাফের জ্বিনকে শিকল দ্বারা বেঁধে রাখা হত। যাতে তারা আপন কুফরী বা অবাধ্যতার কারণে উচ্চুঙ্খলতা না করতে পারে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4008

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন